সংবাদ

034 079

তারিখ ৭।১।৮৩
পৃষ্ঠা ... কলাম ...

# সরকারী বাসভবন ও অফিসকক্ষের আয়তন নির্ধারণ করা হয়েছে

( বিশেষ প্রতিনিধি )

সরকারী অফিসার ও কর্মচারীদের আবাসিক ভবন ও অফিসকক্ষের আয়তন নির্ধারণ করে সম্প্রতি এক নির্দেশ জারি করা হয়েছে।

সরকার জাতীয় বেতন বিন্যাসের ২১টি স্তরকে ৭টি গ্রুপে বিভক্ত করে আবাসিক ভবনের পরি-

( ৭-এর পাতায় দেখুন )

## সরকারী বাসভবন

( ১ম পাতার পর )

মাণ নির্ধারণ করেছেন।

প্রথম ও দ্বিতীয় গ্রেডের অফিসারদের বাসভবনের মেঝের আয়তন ১ হাজার ৮শ বর্গফুট, তৃতীয় ও চতুর্থ গ্রেডের অফিসারদের জন্য আবাসিক ভবনের মেঝের জন্য ১ হাজার ৫শ' বর্গফুট, পঞ্চম থেকে সপ্তম গ্রেডের অফিসারদের জন্য ১ হাজার ২শ' ৫০ বর্গফুট, অনুরূপভাবে অষ্টম থেকে একাদশ গ্রেডের জন্য ১ হাজার বর্গফুট, দ্বাদশ থেকে চতুর্দশ গ্রেডের জন্য ৮শ' বর্গফুট, পঞ্চদশ থেকে ঊনবিংশ গ্রেডের জন্য ৬শ' বর্গফুট এবং বিংশ ও একবিংশ গ্রেডের জন্য ৫শ' বর্গফুট আবাসিক ভবনের মেঝের আয়তন স্থির করা হয়েছে। সব ক্ষেত্রেই এই পরিমাপ সিঁড়ি বাদ দিয়ে ধরা হয়েছে।

সরকারী নির্দেশে আরো বলা হয় যে, শহর বা গ্রাম যেখানেই হোক না কেন, সকল আবাসিক ভবন অবশ্যই পাকা হতে হবে এবং ভবিষ্যতে আবাসিক ভবনের চাহিদা বৃদ্ধির সম্ভাবনা হেতু সকল আবাসিক দালানের ভিত্তি ৪ তলা [illegible] হবে।

যে ক্ষেত্রে পারিবারিক বাসস্থান দেয়া প্রয়োজন নেই, সেক্ষেত্রে ১৮০ বর্গফুট আয়তনবিশিষ্ট ডরমিটরী ব্যবস্থা করা হবে।

জাতীয় বেতন স্তরের প্রেক্ষিতে অফিসের আয়তনও নির্ধারণ করা হয়েছে। প্রথম ও দ্বিতীয় গ্রেডের অফিসারদের জন্য টয়লেটসহ অফিসকক্ষের আয়তন ৩২৫ বর্গফুট হবে। সরাসরি দর্শন প্রার্থীদের বসবার জন্য একশ' বর্গফুটবিশিষ্ট কক্ষের ব্যবস্থা করা যেতে পারে। তৃতীয় গ্রেডের অফিসারদের জন্য টয়লেটসহ ২২৫ বর্গফুটের স্বতন্ত্র কক্ষ, চতুর্থ ও পঞ্চম গ্রেডের জন্য যৌথ টয়লেটের ব্যবস্থাসহ ১৬০ বর্গফুটের স্বতন্ত্র কক্ষ এবং ষষ্ঠ থেকে একাদশ গ্রেডের জন্য ১০০ বর্গফুটের স্বতন্ত্র কক্ষের ব্যবস্থা করতে হবে। অবশ্য নির্দেশে উল্লেখ করা হয় যে, তত্ত্বাবধানের সুবিধার্থে ষষ্ঠ থেকে একাদশ গ্রেডের জন্য প্রয়োজনবোধে বৃহৎ কক্ষের মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র প্রকোষ্ঠের ব্যবস্থা করা যেতে পারে। অন্যান্য সব গ্রেডের জন্য ৬০ বর্গফুটের কক্ষের ব্যবস্থা করা হবে এবং স্থান যৌথভাবে বণ্টিত হবে।

প্রত্যেক মন্ত্রণালয়, বিভাগ ও পরিদপ্তরের স্বতন্ত্র একটি করে প্রয়োজনীয় আকারের সম্মেলন কক্ষ থাকতে পারে বলে উক্ত নির্দেশে বলা হয়।

মহকুমা, জেলা এবং বিভাগীয় পর্যায়ের অফিস প্রধানদের অফিস কক্ষের পরিমাণ তাদের বেতন স্তরের পরিপ্রেক্ষিতে না হয়ে নিম্নোক্ত পরিমাপের হবে: মহকুমা প্রধানের কক্ষের আয়তন টয়লেটসহ ১৮৫ বর্গফুট, জেলা ও বিভাগীয় প্রধানের কক্ষের আয়তন টয়লেটসহ ২২৫ বর্গফুট হবে।

জাতীয় বেতন স্কেলের প্রথম ও দ্বিতীয় গ্রেড অফিসারদের জন্য নির্দিষ্ট ১৮০০ বর্গফুট বিশিষ্ট বাড়ীগুলোর সাথে ২০০ বর্গফুট বিশিষ্ট গ্যারেজের ব্যবস্থা থাকতে হবে বলে নির্দেশে উল্লেখ করা হয়।

প্রতিটি মন্ত্রণালয় ও বিভাগের সম্মেলনকক্ষের সঙ্গে একটি লাইব্রেরীর ব্যবস্থা রাখতে হবে।